

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির আওতায় স্বাস্থ্য সেবা বিভাগের অধীন জাতীয় পুষ্টি সেবা (এনএনএস) অপারেশনাল প্ল্যানের আওতায় জনবল নিয়োগ সম্পর্কিত সভার কার্যবিবরণী:

সভার তারিখ ০৫.১০.২০১৯ খ্রিঃ সময় : সকাল ১০.৩০টা  
সভার স্থান অতিরিক্ত সচিব (আ.ব্য. ও অ.) এর অফিস কক্ষ (রুম নং-৩২৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভায় অংশগ্রহণকারীদের তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। আলোচ্যসূচী অনুযায়ী বিষয় উপস্থাপনের অনুরোধে সদস্য সচিব ও প্রোগ্রাম ম্যানেজার ডা. তাহেরুল ইসলাম খান বলেন, জাতীয় পুষ্টি সেবা অপারেশনাল প্লানে ০৫ (পাঁচ)টি ক্যাটাগরিতে নিয়োগযোগ্য ১৬ (ষোল)টি শূন্য পদের মধ্যে রিপোর্টার-কাম কম্পিউটার অপারেটর, প্রোগ্রামার সহকারী, ডাটা এন্ট্রি অপারেটর পদসমূহ সরাসরি নিয়োগযোগ্য। গাড়ীচালক ও ক্লিনার পদসমূহ আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগযোগ্য। তিনি আরো উল্লেখ করেন পদসমূহের নিয়োগযোগ্যতা অপারেশনাল প্ল্যানের পিআইপিতে উল্লেখ করা হয়নি বিধায় এ কমিটির মাধ্যমে নিয়োগযোগ্যতা নির্ধারণক্রমে নিয়োগের শিডিউল অনুমোদনসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।


২। রিপোর্টার-কাম কম্পিউটার অপারেটর ও ডাটা এন্ট্রি অপারেটর পদ ০২ (দুই) টির ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারীকৃত সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসারে নিয়োগযোগ্যতা নির্ধারণ করা যেতে পারে। সদস্য সচিব আরো উল্লেখ করেন বর্ণিত পদসমূহের প্রতিটির ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে মর্মে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা প্রয়োজন।

৩। বর্ণিত নিয়োগযোগ্যতা পুনঃনির্ধারণ/সংশোধনক্রমে পুনরায় নিয়োগ শিডিউল প্রস্তুতক্রমে যথারীতি এ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লাইন ডাইরেক্টর, জাতীয় পুষ্টি সেবা (এনএনএস)কে অনুরোধ করা যেতে পারে মর্মে সভাপতি উল্লেখ করেন।

৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	সরাসরি নিয়োগযোগ্য রিপোর্টার-কাম কম্পিউটার অপারেটর ও ডাটা এন্ট্রি অপারেটর পদসমূহের নিয়োগযোগ্যতা সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসারে নির্ধারণ এবং প্রোগ্রামার সহকারী পদের জন্য সমপর্যায়ের অন্যান্য পদের অনুরূপ নিয়োগযোগ্যতা নির্ধারণ; প্রতিটি পদের জন্য সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।	সদস্য সচিব, নিয়োগ কমিটি
২	আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগযোগ্য গাড়ীচালক (হালকা মোটরযান) পদের নিয়োগযোগ্যতায় ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে ও ক্লিনার পদসমূহের নিয়োগযোগ্যতায় ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে মর্মে উল্লেখ থাকতে হবে।	সদস্য সচিব, নিয়োগ কমিটি
৩	নিয়োগযোগ্যতা পুনঃনির্ধারণ/সংশোধনক্রমে পুনরায় নিয়োগ শিডিউল প্রস্তুতক্রমে অনুমোদনের নিমিত্ত যথারীতি এ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	লাইন ডাইরেক্টর, জাতীয় পুষ্টি সেবা (এনএনএস)

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মসিউর রহমান)

অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)

ও


সভাপতি, গ্রেড ১-১০ ভুক্ত জনবল নিয়োগ কমিটি  
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ

- ১। যুগ্মসচিব (প্রবা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। লাইন ডাইরেক্টর, জাতীয় পুষ্টি সেবা (এনএনএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। প্রোগ্রাম ম্যানেজার, জাতীয় পুষ্টি সেবা (এনএনএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। অতিরিক্ত সচিব (আ:ব্য:ও অ:) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(মোহাম্মদ নাসির উদ্দীন)  
উপসচিব